

প্রিয় ধারা ৪ অংশগ্রহণকারীগণ,

ধারা ৪ অংশগ্রহণকারীরা নিউ ইয়র্ক সিটিতে করোনাভাইরাস (COVID-19) এর কারণে আপৎকালীন অবস্থার সময়কালে যে আর্থিক অসম্ভলতার শিকার হতে পারেন তা দূর করার জন্য নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষের (New York City Housing Authority, NYCHA) যে পদক্ষেপগুলি নিয়েছে সেগুলি আমরা আপনাকে জানাতে চাই:

সিটি আপৎকালীন অবস্থার অধীনে থাকার সময় কমপক্ষে 60 দিনের জন্য NYCHA সব পরিসমাপ্তির পদক্ষেপ স্থগিত রাখছে।

**NYCHA উপার্জনের ক্ষতিতে ভোগা পরিবারগুলিকে NYCHA সেলফ-সার্ভিস পোর্টাল (Self-Service Portal) দেখতে উৎসাহিত করে।** ধারা ৪ অংশগ্রহণকারীরা <https://selfserve.nycha.info> এ NYCHA সেলফ-সার্ভিস পোর্টালের মাধ্যমে একটি অন্তর্বর্তী পুনঃপ্রত্যয়ন (Interim Recertification) সম্পূর্ণ করে পারিবারিক আয় হ্রাসের রিপোর্ট করতে পারেন। ধারা ৪ অংশগ্রহণকারীরা ডাকযোগে ভাউচার ধারকের অন্তর্বর্তী পরিবর্তনের অনুরোধ ফর্ম (Voucher Holder's Request Interim Change form)-এর জন্য অনুরোধ করতে গ্রাহক যোগাযোগ কেন্দ্রে (Customer Contact Center, CCC) 718-707-7771 নম্বরে ফোন করতেও পারেন।

যে সব পরিবার আয়ের সম্পূর্ণ ক্ষতিতে ভোগেন তারা NYCHA এর ন্যূনতম ভাড়া অব্যাহতির (Minimum Rent Exemption) জন্য যোগ্য হতে পারেন। NYCHA যথাযথতা অনুসারে আপনা থেকেই অব্যাহতি প্রয়োগ করবে।

COVID-19 এবং কর্তৃপক্ষের ওপরে এর প্রভাব পর্যবেক্ষণ করার জন্য NYCHA সিটি, স্টেট, ও ফেডারাল অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠভাবে কাজ করছে। আমরা আমাদের অংশগ্রহণকারী ও কর্মীদের নিরাপত্তা ও সুস্থতা বজায় রাখার জন্য কাজ করছি। আমরা আপনাকে COVID-19 এর বিষয়ে সাম্প্রতিক তথ্য দেওয়া চালিয়ে যাব, সেগুলি যেমন যেমন ঘটতে থাকবে। আপনার কোন প্রশ্ন বা উদ্বেগ থাকলে, অনুগ্রহ করে CCC-কে 718-707-7771 নম্বরে ফোন করুন।

আরও তথ্যের জন্য, NYCHA এর ওয়েবসাইট [nyc.gov/nycha](http://nyc.gov/nycha) দেখুন।

আপনার সহযোগিতার জন্য ধন্যবাদ।